

Skills for Employment Investment Program (SEIP), (Tranche-1)

প্রকল্পের প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠিত।



SEIP প্রজেক্ট কো-অর্ডিনেশন ইউনিট, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক কর্তৃক বাস্তবায়নাধীন Skills for Employment Investment Program (SEIP), (Tranche-1) প্রকল্পের আওতায় দেশব্যাপী ১০,৮৮৪ জনের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের সফল সমাপ্তি শেষে অতিরিক্ত আরো ৬০০ জনের প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। এরই ধারাবাহিকতায় গ্রাফিক্স ডিজাইন কোর্সে শ্যামলী আইডিয়াল টেকনিক্যাল কলেজ, চট্টগ্রাম সেন্টারে দু'টি ব্যাচে ৫০জনের প্রশিক্ষণ সমাপনান্তে সার্টিফিকেট প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকেন এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট এর উপ-মহাব্যবস্থাপক জনাব মোঃ এমদাদুল হক ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রকল্প ইউনিটের কো-অর্ডিনেটর ও যুগ্ম-পরিচালক জনাব মুঃ জাহিদ ইকবাল ও প্রিন্সিপ্যাল আশুতোষ চক্রবর্তী। অনুষ্ঠানে প্রধান অতিথি জনাব মোঃ এমদাদুল হক দক্ষতা উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির বিষয়ে গুরুত্বারোপ করে বলেন অর্থনৈতিক প্রবৃদ্ধিতে গতিশীলতা আনয়নে ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়নের বিকল্প নেই। ক্ষুদ্র উদ্যোক্তা অর্থায়নে এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট এর বিভিন্ন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল, সুবিধা ও নীতিমালার উল্লেখ করে প্রশিক্ষণ প্রাপ্ত দক্ষ তরুণদের উদ্যোক্তা হতে উৎসাহিত করেন। উল্লেখ্য, দক্ষতা উন্নয়নমূলক এ প্রকল্পের অন্যতম লক্ষ্য হচ্ছে তরুণদের দক্ষতা উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে এসএমই খাতে উৎপাদনশীলতা বৃদ্ধিতে ভূমিকা রাখার পাশাপাশি নতুন উদ্যোক্তা হিসেবে গড়ে তোলা ও অর্থনৈতিক প্রবৃদ্ধিতে অবদান রাখা। ইতিমধ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বাস্তবায়নাধীন এ প্রকল্পের আওতায় ২,২৮৩ জন ক্ষুদ্র উদ্যোক্তাসহ দেশব্যাপী ৭,৫৯৭ জনের কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে।